# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| **প্রথম অধ্যায়**<br>মন্ত্রণালয় পরিচিতি | ০১-৪৬ |
| **দ্বিতীয় অধ্যায়**<br>স্বাস্থ্য অধিদপ্তর | ৪৭-৬৭ |
| **তৃতীয় অধ্যায়**<br>পরিবার পরিকল্পনা অধিদপ্তর | ৬৮-৮২ |
| **চতুর্থ অধ্যায়**<br>জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) | ৮৩-৮৪ |
| **পঞ্চম অধ্যায়**<br>ঔষধ প্রশাসন অধিদপ্তর | ৮৫-৮৬ |
| **ষষ্ঠ অধ্যায়**<br>স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | ৮৭-৯২ |
| **সপ্তম অধ্যায়**<br>সেবা পরিদপ্তর | ৯৩-৯৭ |
| **অষ্টম অধ্যায়**<br>ন্যাশনাল ইলেকট্রো-মেডিকেল ইকুইপমেন্ট মেইন্টেন্যান্স ওয়ার্কশপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ এন্ড টিসি) | ৯৮ |
| **নবম অধ্যায়**<br>যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ সংস্থা (টেমো) | ৯৯-১০১ |
| **দশম অধ্যায়**<br>মেডিকেল কলেজ ও হাসপাতাল | ১০২-১৫৪ |
| **একাদশ অধ্যায়**<br>রিভাইটালাইজেশন অব কমিউনিটি হেলথ কেয়ার ইনিশিয়েটিভ ইন বাংলাদেশ (আরসিএইচসিআইবি) | ১৫৫-১৬০ |
| **দ্বাদশ অধ্যায়**<br>জাতীয় পুষ্টি কার্যক্রম (এনএনপি) | ১৬১-১৬৮ |
| **ত্রয়োদশ অধ্যায়**<br>স্বাস্থ্য অর্থনীতি ইউনিট ও জিএনএসপি ইউনিট | ১৬৯-১৭২ |
| **চতুর্দশ অধ্যায়**<br>মানব সম্পদ উন্নয়ন ইউনিট | ১৭৩-১৭৯ |
| **পঞ্চদশ অধ্যায়**<br>সামাজিক স্বাস্থ্য বীমা (Social Health Insurance) | ১৮০-১৮২ |

# সপ্তম অধ্যায়

## সেবা পরিদপ্তর

### ভূমিকা

নার্সিং শিক্ষা ও সার্ভিসের মানোন্নয়নের মাধ্যমে নিরাপদ, কার্যকর ও নির্ভরযোগ্য স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে নার্সিং শিক্ষা ও সার্ভিস সংক্রান্ত মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী সকল পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, মূল্যায়নসহ যাবতীয় প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম পরিচালনা ও বাস্তবায়ন নিশ্চিত করা।

### কর্মপরিধি

- সেবা পরিদপ্তর এবং এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের মানব সম্পদ উন্নয়ন ব্যবস্থাপনায় পরিকল্পনা প্রণয়ন করা
- সংশ্লিষ্ট শাখার বিভিন্ন নথি ব্যবস্থাপনা ও সিদ্ধান্ত প্রদান
- প্রযোজ্য ক্ষেত্রে বিভিন্ন শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীদের পদোন্নতি, নিয়োগ, পদায়ন ও শৃঙ্খলাজনিত সকল কার্যাদি পরিচালনা কর।
- পরিদপ্তরের সকল প্রশাসনিক ও আর্থিক বিষয়ে নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করা এবং বাজেট প্রণয়ন, অনুমোদন, গ্রহণ ও বাস্তবায়ন নিশ্চিত করা
- সংশ্লিষ্ট কর্মকাণ্ড বাস্তবায়নে স্বাস্থ্য অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তরসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে সমন্বয় রক্ষা করা
- নার্সিং সার্ভিস ও শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে নার্সিং শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করণার্থে বাংলাদেশ নার্সিং কাউন্সিল, নার্সিং কলেজ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের সমন্বয়ে নীতিমালা প্রণয়নে সহযোগিতা প্রদানসহ বাস্তবায়ন ও মূল্যায়ন নিশ্চিত করা
- নার্সিং নীতিমালা, কৌশল, নিয়োগ বিধিমালাসহ অন্যান্য বিধি প্রণয়নে সহযোগিতা প্রদানসহ বাস্তবায়ন নিশ্চিত করা
- পরিদপ্তরের এমআইএস/তথ্য ব্যবস্থাপনা ও গবেষণা কার্যক্রম উন্নয়নের লক্ষ্যে স্বাস্থ্য সম্পর্কিত তথ্য, উপাত্ত সংগ্রহে প্রয়োজনীয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা
- উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

### সাংগঠনিক কাঠামো ও জনবল

| শ্রেণী | মঞ্জুরিকৃত পদের সংখ্যা | | সর্বমোট মঞ্জুরিকৃত পদ নার্সিং+নন-নার্সিং | কর্মরত পদের সংখ্যা | | কর্মরত পদের সর্বমোট নার্সিং+নন-নার্সিং | শূন্য পদের সংখ্যা | | শূন্য পদের সর্বমোট নার্সিং+নন-নার্সিং |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | নার্সিং | নন-নার্সিং | | নার্সিং | নন-নার্সিং | | নার্সিং | নন-নার্সিং | |
| ১ম শ্রেণী | ১৬৬ | ০১ | ১৬৭ | ০২ | - | ০২ | ১৬৪ | ০১ | ১৬৫ |
| ২য় শ্রেণী | ৪৬৬ | ২০ | ৪৮৬ | ১৩০ | ০৭ | ১৩৭ | ৩৩৬ | ১৩ | ৩৪৯ |
| ৩য় শ্রেণী | ১৭,০২২ | ৩৫৩ | ১৭,৩৭৫ | ১৪,৯২৭ | ২০৭ | ১৫,১৩৪ | ২,০৯৫ | ১৪৬ | ২২৪১ |
| ৪র্থ শ্রেণী | - | ৮৬৩ | ৮৬৩ | - | ৬২৮ | ৬২৮ | - | ২৩৫ | ২৩৫ |
| মোট | ১৭,৬৫৪ | ১২৩৭ | ১৮,৮৯১ | ১৫,০৫৯ | ৮৪২ | ১৫,৯০১ | ২,৫৯৫ | ৩৯৫ | ২,৯৯০ |
| সর্বমোট | ১৮,৮৯১ | | | ১৫,৯০১ | | | ২,৯৯০ | | |

### ২০০৮-২০০৯ ও ২০০৯-২০১০ অর্থবছরের বাজেট বরাদ্দ (অনুন্নয়ন ও উন্নয়ন) ও ব্যয় (লক্ষ টাকায়)

| অর্থবছর | বরাদ্দকৃত টাকার পরিমাণ | | | ব্যয়িত টাকার পরিমাণ | | |
|---|---|---|---|---|---|---|
| | রাজস্ব | উন্নয়ন | মোট | রাজস্ব | উন্নয়ন | মোট |
| ২০০৮-০৯ | ২২৪৮.৯১ | ৩০৩৪.৫০ | ৫২৯২.৪১ | ২২০০.০০ | ২৪০৩.০১ | ৪৬০৩.০১ |
| ২০০৯-১০ | ২৬৫৯.৩৪ | ১৯৪৪.০০ | ৪৬০৩.৩৪ | ২৬৫০.০০ | ৯৮৯.২৮ | ৩৬৩৯.৯৮ |
| মোট | ৪৯০৮.২৫ | ৪৯৮৭.৫০ | ৯৮৯৫.৭৫ | ৪৮৫০.৭০ | ৩৩৯২.২৯ | ৮২৪২.৯৯ |

## কর্ম সম্পাদন প্রতিবেদন

সেবা পরিদপ্তরের অধীনে বর্তমানে ৪৩টি নার্সিং ইনস্টিটিউট বিদ্যমান আছে। এর মধ্যে বিগত ২০০৯-২০১০ অর্থবছরে নতুন নির্মাণকৃত ১১টি ইনস্টিটিউট (নীলফামারী, নওগাঁ, মাদারীপুর, গোপালগঞ্জ, বরগুনা, পিরোজপুর, ঝিনাইদহ, জামালপুর, চাঁদপুর ও পঞ্চগড়) এবং চলতি অর্থবছরে ০১টি নার্সিং ইনস্টিটিউটে (কিশোরগঞ্জ) ৩০ জন করে ছাত্র/ছাত্রী ভর্তিসহ মোট ৩৬০জন ভর্তি করা হয়েছে। উক্ত ১২টি নার্সিং ইনস্টিটিউটসহ মোট ৪৩টি নার্সিং ইনস্টিটিউটে প্রতি বছর সর্বমোট ১৫৫০ জন ছাত্র/ছাত্রী ডিপ্লোমা ইন নার্সিং এন্ড মিডওয়াইফারি সায়েন্স কোর্সে পড়াশুনার সুযোগ পাবে। দেশে বিএসসি পাশ নার্সের চাহিদা মিঠানোর জন্য ৩টি করে নার্সিং কলেজ (বগুড়া, ফৌজদারহাট ও খুলনা) নির্মাণ করা হচ্ছে। ইতোমধ্যে বগুড়া ও ফৌজদারহাট নার্সিং কলেজ নির্মাণ কাজ শেষ হয়েছে এবং চলিত শিক্ষাবর্ষে এ কলেজ দুটিতে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। খুলনা নার্সিং কলেজের নির্মাণ কাজ ডিসেম্বর, ২০১১ এর মধ্যে শেষ করে আগামী শিক্ষাবর্ষ থেকে এ কলেজটিতে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। বিগত বছরে ০৪টি নার্সিং ইনস্টিটিউট (ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম ও ময়মনসিংহ) কে বিএসসি নার্সিং কলেজে উন্নীত এবং ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়েছে। চলতি শিক্ষাবর্ষে আরও ০৩টি নার্সিং ইনস্টিটিউট (সিলেট, বরিশাল ও রংপুর) কে বিএসসি নার্সিং কলেজে উন্নীত করা হয়েছে এবং চলতি শিক্ষাবর্ষ থেকে এ তিনটি নার্সিং কলেজে ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়েছে। এ সকল বিএসসি নার্সিং কলেজে চলতি শিক্ষাবর্ষ থেকে ৯৫০ জন ছাত্র-ছাত্রী বিএসসি ইন নার্সিং কোর্সে পড়াশুনার সুযোগ পাবে।

১৯৯৮, ১৯৯৯,২০০০ সালে রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজনকৃত ৪০০০টি সিনিয়র স্টাফ নার্সের স্থায়ীকরণ করা হয়েছে। বিভিন্ন হাসপাতালে ৯টি সেবা তত্ত্বাবধায়ক, ০৭টি উপ-সেবা তত্ত্বাবধায়ক, ০৪টি পাবলিক হেল্‌থ নার্স, ৪৮টি নার্সিং সুপারভাইজার, ৫৩৭টি সিনিয়ার স্টাফ নার্সের পদসহ মোট ৬০৫টি পদ সৃষ্টি করা হয়েছে। ০৩টি নার্সিং কলেজে এবং ১২টি নার্সিং ইনস্টিটিউটে শিক্ষকদের ৯৬টি প্রথম শ্রেণীর পদ এবং ৬০টি দ্বিতীয় শ্রেণীর পদ সৃষ্টি করা হয়েছে। সম্প্রতি বিভিন্ন হাসপাতালের সিনিয়র স্টাফ নার্সের শূণ্য পদে ১৪৪৫ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে। সেবা পরিদপ্তরের আওতাধীন কর্মরত ডিপ্লোমা নার্সদের ৩য় শ্রেণী থেকে ২য় শ্রেণীতে উন্নতি করা হয়েছে।

### ভৌত ও আর্থিক অগ্রগতির প্রতিবেদন

| ক্রমিক | কর্মকাণ্ড | বাস্তবায়ন সংখ্যা/অবস্থা |
|---|---|---|
| ১ | বিভিন্ন নার্সিং ইনস্টিটিউট ও নার্সিং কলেজে ইন্টারনেট সংযোগ স্থাপন | ০৮টি নার্সিং কলেজ ও ২০টি নার্সিং ইনস্টিটিউটে ইন্টারনেট সংযোগ দেয়া হয়েছে। |
| ২ | নার্সিং ইনস্টিটিউট নির্মাণ | ১২টি নার্সিং ইনস্টিটিউট (গোপালগঞ্জ, মাদারীপুর, চাঁদপুর, নওগাঁ, নীলফামারী, পঞ্চগড়, ঝিনাইদহ, পিরোজপুর, বরগুনা, জামালপুর, হবিগঞ্জ ও কিশোরগঞ্জ) এর নির্মাণ কাজ শেষ করে ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়েছে। |
| ৩ | নার্সিং ইনস্টিটিউটকে নার্সিং কলেজে রূপান্তর | ০৭টি নার্সিং ইনস্টিটিউট (ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী, চট্টগ্রাম, সিলেট, রংপুর ও বরিশাল) কে নার্সিং কলেজে রূপান্তরিত করা হয়েছে। |
| | নার্সিং কলেজ নির্মাণ | ০২টি নার্সিং কলেজ (বগুড়া ও ফৌজদার হাট)-এর প্রয়োজনীয় আসবাবপত্র, যন্ত্রপাতি, যানবাহন ও অন্যান্য সামগ্রী ক্রয় করা হয়েছে। আগামী জুন, ২০১১ মাসে ছাত্র-ছাত্রী ভর্তি করে কলেজ দুইটির শিক্ষা কার্যক্রম চালু করা হবে। |
| ৪ | প্রশিক্ষণ | চলতি বছরে ২০ জন নার্সকে এমএসসি ইন নার্সিং কোর্সে অধ্যয়নের জন্য বিদেশে প্রেরণ করা হবে। প্রায় ৭০০ জন নার্সকে বিভিন্ন মেয়াদে স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |

| | | |
|---|---|---|
| ৫ | জনবল নিয়োগ সম্পন্ন হয়েছে এবং কার্যক্রম চলছে | সরকারি হাসপাতালে সিনিয়র স্টাফ নার্সের ২৬২৭টি শূণ্য পদের মধ্যে ১৭৪৭টি পদে নার্স নিয়োগ করা হয়েছে। বর্ণিত শূণ্য পদের মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত ৭৩৬ টি পদের মধ্যে ২৬টি পদে মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের নিয়োগ করা হয়েছে। প্রার্থী না পাওয়ায় মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত অবশিষ্ট ৭১০টি পদ পূরণ করা সম্ভব হয়নি। |
| ৬ | পদোন্নতি | বিভিন্ন হাসপাতালে কর্মরত ১৬১ জন সহকারী নার্সকে সিনিয়র স্টাফ নার্স পদে পদোন্নতি প্রদান করা হয়েছে। সেবা পরিদপ্তরের আওতাধীন কর্মরত ০৬ জন দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাকে প্রথম শ্রেণীর পদে পদোন্নতি প্রদানের জন্য বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশ গ্রহণ করা হয়েছে এবং পদোন্নতির এ বিষয়টি বর্তমানে পিএসসিতে প্রক্রিয়াধীন আছে। |
| ৭ | শিক্ষা প্রতিষ্ঠানের আসন সংখ্যা বৃদ্ধি | নার্সিং ইনস্টিটিউটের ডিপ্লোমা ইন নার্সিং কোর্সের আসন সংখ্যা ১১০০ থেকে ১৫৫০ এ বৃদ্ধি করা হয়েছে। নার্সিং কলেজের বিএসসি নার্সিং কোর্সের আসন সংখ্যা ৫২৫ থেকে ১০৭৫ এ বৃদ্ধি করা হয়েছে। |
| ৮ | নার্সদের পদমর্যাদা বৃদ্ধি | মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী বেসামরিক পর্যায়ে কর্মরত ডিপ্লোমাধারী নার্সদের পদকে দ্বিতীয় শ্রেণীতে উন্নীত করা হয়েছে। |

## ভবিষ্যৎ পরিকল্পনা

| ক্রমিক | বিষয় | উদ্দেশ্য ও লক্ষ্য | সম্ভাব্য ফলাফল |
|---|---|---|---|
| ১ | প্রতি বছর ২০০ জন নার্সকে ইংরেজী ভাষা শিক্ষার জন্য প্রশিক্ষণ প্রদান | নার্সদের ইংরেজী ভাষায় অধিক দক্ষ করে তোলা | বিদেশে নার্সদের কর্মসংস্থান করা সহজ হবে |
| ২ | নব নিয়োগকৃত সিনিয়র স্টাফ নার্সদের ওরিয়েন্টেশন প্রদান | সঠিকভাবে রোগীর পরিচর্যা করা | হাসপাতালে রোগীর পরিচর্যার মান এর অধিকতর উন্নয়ন ঘটবে |
| ৩ | প্রতি বছর ১৫০ জন নার্সকে স্থানীয়ভাবে বিভিন্ন বিষয়ে স্পেশালাইজেশন প্রশিক্ষণ প্রদান করা | বিভিন্ন বিশেষায়িত হাসপাতালে রোগীদের উন্নত সেবা প্রদান করা | বিশেষায়িত হাসপাতালে রোগীরা উন্নত সেবা পাবে |
| ৪ | প্রতি বছর সংশ্লিষ্ট ১০০ জন নার্সকে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করা | নার্সদের কম্পিউটার-এ অভিজ্ঞ করা | ছাত্র-ছাত্রীদের কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ প্রদান |
| ৫ | প্রতি বছর ২৫০ জন নার্সকে ধাত্রীবিদ্যার উপর প্রশিক্ষণ প্রদান | অভিজ্ঞ ধাত্রী শিক্ষক তৈরি করা | দেশে অভিজ্ঞ ধাত্রীবিদ্যা প্রশিক্ষক তৈরি করা |
| ৬ | উন্নত দেশের নার্সিং কারিকুলাম ও সেবা কার্যক্রম দেখার জন্য ৩৩ জন কর্মকর্তাকে স্টাডি ভিজিটে উন্নত দেশে প্রেরণ করা | উন্নত শিক্ষা কার্যক্রম প্রচলন করা | উন্নত কারিকুলাম ও উন্নত সেবা কার্যক্রম প্রচলন করা |

দীর্ঘমেয়াদে (০১ বছর মধ্যে) সমাপ্য

| ক্রমিক | বিষয় উদ্দেশ্য ও লক্ষ্য | সম্ভাব্য ফলাফল | |
|---|---|---|---|
| ৭ | ০৭টি হাসপাতালে মডেল ওয়ার্ড প্রতিষ্ঠা | হাসপাতালে স্বাস্থ্যসেবার মান অধিকতর উন্নয়ন | হাসপাতালে উন্নত স্বাস্থ্যসেবা প্রদান |
| ৮ | বাংলাদেশে নার্সিং শিক্ষার মান উন্নয়নে অভিজ্ঞ শিক্ষক তৈরির জন্য বিদেশ থেকে ২০জন নার্সকে এমএসসি করানো হবে | নার্সিং এ অভিজ্ঞ শিক্ষক তৈরি করা | অভিজ্ঞ শিক্ষক তৈরি |
| ৯ | দেশের অভিজ্ঞ নার্সদের সংখ্যা বৃদ্ধির সরকারি নার্সিং ইনস্টিটিউট সংখ্যা বৃদ্ধি করা | দেশের নার্সদের সংখ্যা বৃদ্ধি করার লক্ষে পর্যাপ্ত অবকাঠামো বৃদ্ধি | দেশে অভিজ্ঞ নার্সের সংখ্যা বৃদ্ধি করা |
| ১০ | দেশের সরকারি নার্সিং কলেজের সংখ্যা বৃদ্ধি করা | দেশে নার্সদের সংখ্যা বৃদ্ধি করার লক্ষ্যে পর্যাপ্ত অবকাঠামো বৃদ্ধি | দেশে অভিজ্ঞ বিএসসি নার্সের সংখ্যা বৃদ্ধি করা |
| ১১ | দেশে রেজিস্টার্ড নার্সের সংখ্যা বৃদ্ধি করা | দেশে ও বিদেশের চাহিদা মিটানো | দেশে রেজিস্টার্ড নার্সের সংখ্যা বৃদ্ধি করে দেশের ও বিদেশের নার্সদের চাহিদা পূরণ করা |

আগামী ৩ বছরের পরিকল্পনা

| | | | |
|---|---|---|---|
| ১২ | ৪৩টি নার্সিং ইনস্টিটিউট ও ১২টি নার্সিং কলেজ কম্পিউটার ল্যাব ও ল্যাংগুয়েজ ল্যাব প্রতিষ্ঠা করা | নার্সদের ইংরেজী ভাষায় ও কম্পিউটার ব্যবহারে দক্ষ করা | নার্সদের উন্নত বিশ্বের সেবা কার্যক্রমে অভিজ্ঞ করা |
| ১৩ | আগামী ০৩ বছরের মধ্যে (পরবর্তী হেলথ সেক্টর কর্মসূচির মাধ্যমে) ১৫টি নতুন ইনস্টিটিউট (মানিকগঞ্জ, গাজীপুর, নারায়ণগঞ্জ লালমনিরহাট, মেহেরপুর, নরসিংদী, শরিয়তপুর, নাটোর, গাইবান্ধা, বান্দরবান, খাগড়াছড়ি, লক্ষীপুর, নড়াইল, সুনামগঞ্জ ও ঝালকাঠি) নির্মাণের পরিকল্পনা করা হয়েছে | দেশে রেজিস্টার্ড নার্সদের সংখ্যা বৃদ্ধি করা | |
| ১৪ | আগামী ৫ বছরের মধ্যে (পরবর্তী হেলথ সেক্টর কর্মসুচির মাধ্যমে) ১৮টি নার্সিং ইনস্টিটিউট (টাংগাইল, ফরিদপুর, গোপালগঞ্জ, জামালপুর, দিনাজপুর, পাবনা, কুড়িগ্রাম, নীলফামারী, কুমিল্লা, রাঙ্গামাটি, নোয়াখালী, কক্সবাজার, বাগেরহাট, কুষ্টিয়া, যশোর, সাতক্ষীরা, হবিগঞ্জ ও পটুয়াখালী) কে নার্সিং কলেজে রূপান্তর করা হবে। | দেশে রেজিস্টার্ড নার্সদের সংখ্যা বৃদ্ধি করা | |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | শেরেবাংলানগর, ঢাকা ও সিলেটে ০১টি করে মোট ০২টি নতুন নার্সিং কলেজ নির্মাণ করা এবং ২০১৪ সালে দেশে এমএসসি ইন নার্সিং কোর্স চালু করা | দেশে রেজিস্টার্ড নার্সদের সংখ্যা বৃদ্ধি করা এবং দেশে নার্সিং এ এমএসসি কোর্স চালু করা। | |
| ১৬ | চলতি বছরে ২০জন নার্সকে এমএসসি ইন নার্সিং কোর্সে অধ্যয়নের জন্য বিদেশে প্রেরণ করা হবে। আগামী তিন বছরে প্রতি বছর ৫০ জন করে মোট ১৫০ জন নার্সকে এমএসসি ইন নার্সিং কোর্সে এবং প্রতি বছর ০৫ জন করে মোট ১৫ জন নার্সকে পিএইচডি ইন নার্সিং কোর্সের জন্য বিদেশে প্রেরণ করা হবে। | দেশে অভিজ্ঞ নার্সের শূণ্যতা লাঘব করা | |